

💵 প্রশ্লোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৯৭. জানাযার সালাত কোথায় পড়বে?

- (১) জানাযা পড়ার উত্তম স্থান হলো মসজিদের বাইরে কোন চত্বরে বা মাঠে বা ঈদগাহে। (বুখারী: ১৩২৯) অধিকাংশ সময় রাসূলুল্লাহ (সা.) জানাযা কোন না কোন মাঠে পড়েছেন।
- (২) মসজিদের ভিতরেও জানাযা পড়া জায়েয। সাহাবী সুহাইল ইবনে বাইযা ও তার ভাইয়ের জানাযা রাসূলুল্লাহ (সা.) মসজিদের ভিতরে পড়েছিলেন। (মুসলিম: ৯৭৩)। মসজিদের ভিতরে হলে মেয়েরাও জানাযা পড়তে পারে। তবে তারা জানাযা পড়ার জন্য মাঠে বা বাইরে যাবে না।
- (৩) সাবধান! কবরের ফাঁকা জায়গায় এবং কবর সামনে রেখে জানাযা পড়া জায়েয নেই। রাসূলুল্লাহ (সা.) এটা নিষেধ করেছেন। (মাজামাউয যাউযায়িদ- ৩/৩৬)। আবু মারসাদ গানাবী (রা.) থেকে বর্ণিত এক হাদীসে আছে, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা কবরের উপর বসো না এবং এর দিকে মুখ করে সালাত আদায় করো না। (মুসলিম: ১৬১৩) তবে দাফন করা হয়ে গেছে এমন ব্যক্তির জানাযা ঐ ব্যক্তির কবরকে সামনে নিয়ে পড়া জায়েয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13382

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন